গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ
(স্থানীয় সরকার শাখা)
www.dcnarayangonj.gov.bd.

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং-০৫.৪১.৬৭০০.৭০১.০৫.০২৮.২১. ৮৭২

তারিখ : ০৮ অগ্রহায়ণ ১৪২৮
২৩ নভেম্বর ২০২১

## দরপত্র বিজ্ঞপ্তি

২০২১-২০২২ অর্থ বছরে নারায়ণগঞ্জ জেলার ৩৯টি ইউনিয়ন পরিষদের ৩৯০ জন গ্রামপুলিশদের ( ২৮২জন পুরুষ ও ১০৮জন মহিলা) জন্য পোষাক ও অন্যান্য সরঞ্জামাদি ক্রয়ের নিমিত্ত অভিজ্ঞ পোষাক প্রস্তুতকারক/ সরবরাহকারীদের নিকট থেকে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃনং | বিবরণ | বিস্তারিত তথ্য | |
|---|---|---|---|
| ০১. | মন্ত্রণালয়/বিভাগ | স্থানীয় সরকার বিভাগ,স্থানীয় সরকার পল্লী উন্নয়ণ ও সমবায় মন্ত্রণালয়। | |
| ০২. | দরপত্র আহবানকারী কর্তৃপক্ষ | জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ | |
| ০৩. | যে জন্য দরপত্র আহবান | গ্রামপুলিশদের (দফাদার ও মহল্লাদার) পোষাক ও সরঞ্জামাদি সরবরাহ | |
| ০৪. | সরবরাহকারী/ঠিকাদারের যোগ্যতা | পিপিআর-২০০৮ অনুসারে দরপত্র দাতার যোগ্যতা অনুযায়ী এবং দরপত্র সিডিউলের বর্ণিত শর্তানুযায়ী। | |
| ০৫. | আহবানের সূত্র | স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০১৮.০২.০০১.১৭(অংশ-১)-৪৩৬ তারিখ-২৯ সেপ্টেম্বর ২০২১খ্রি:। | |
| ০৬. | সংগ্রহ পদ্ধতি | উন্মুক্ত দরপত্র পদ্ধতি | |
| ০৭. | বাজেট ও তহবিল | রাজস্ব বাজেটে প্রাপ্ত বরাদ্দ | |
| ০৮. | দরপত্র সিডিউল বিক্রয়ের স্থান | (১) বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা। (২) স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ (৩) পুলিশ সুপারের কার্যালয়, নারায়ণগঞ্জ। | |
| ০৯. | দরপত্র সিডিউল দাখিলের স্থান | (১) বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা। (২) স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ (৩) পুলিশ সুপারের কার্যালয়, নারায়ণগঞ্জ। | |
| ১০. | দরপত্র সিডিউল বিক্রয়ের শেষ তারিখ | ২৭/১২/২০২১খ্রি: তারিখ (অফিস চলাকালীন সময় পর্যন্ত) | |
| ১১. | দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময় | ২৯/১২/২০২১খ্রি: তারিখ (অফিস চলাকালীন সময় পর্যন্ত) | |
| ১২. | দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান | ৩০/১২/২০২১খ্রি: তারিখ বেলা-: ০৪-০০ ঘটিকা, জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ। | |
| ১৩. | দরপত্র সিডিউল মূল্য | ২,০০০/-(দুই হাজার) টাকা | |
| ১৪. | পোষাক ও অন্যান্য সরঞ্জামাদির বিবরণ | | সংখ্যা |
| | (১) খাকী রং এর ফুল প্যান্ট (প্রতি জনের ২টি হিসেবে) (২৮২x ২) | | ৫৬৪ পিস |
| | (২) নীল রং এর ফুল শার্ট ১টি করে (সোল্ডার ব্যাচ, সোল্ডার স্টার সবুজ কাপড়ের রিবনসহ) দফাদারদের সোল্ডার ব্যাচে কালো কাপড়ের রিবন এবং চৌকিদারদের সোল্ডার ব্যাচে লাল রং এর রিবন থাকবে ( (২৮২x ১) | | ২৮২ পিস |
| | (৩) নীল রং এর হাফ শার্ট ১টি করে (সোল্ডার ব্যাচ, সোল্ডার স্টার সবুজ কাপড়ের রিবনসহ) দফাদারদের সোল্ডার ব্যাচে কালো কাপড়ের রিবন এবং চৌকিদারদের সোল্ডার ব্যাচে লাল রং এর রিবন থাকবে (২৮২x ১) | | ২৮২ পিস |
| | (৪) মহিলা পুলিশের অনুরুপ শাড়ি ও পেটিকোট ২টি করে (১০৮x ২) | | ২১৬ পিস |
| | (৫) ব্লাউজ (মহিলা পুলিশের অনুরুপ) (ফুল হাতা ০১টি এবং হাফ হাতা ১টি করে) মোট ২টি করে (১০৮x ২) | | ২১৬ পিস |
| | (৬) কাপড়ের জুতা (মোজাসহ) পুরুষ ও মহিলাদের আলাদা ( ২৮২+১০৮) | | ৩৯০ জোড়া |
| | (৭) কোমড়ের বেল্ট উন্নমানের (পুরুষ + মহিলা) ১টি করে | | ৩৯০ পিস |
| | (৮) পুরুষ গ্রাম পুলিশের জন্য জ্যাকেট ১টি করে | | ২৮২ পিস |
| | (৯) পুরুষ গ্রামপুলিশদের জন্য উলের জামা ১টি করে | | ২৮২ পিস |
| | (১০) মহিলা গ্রামপুলিশদের জন্য কাটিগান ২টি করে (১০৮x ২) | | ২১৬ পিস |
| | (১১) লায়নার বাঁশি ও বেতের লাঠি ১টি করে | | ৩৯০ পিস |
| | (১২) নেমপ্লেট ২টি করে (৩৯০ x ২) | | ৭৮০ পিস |

চলমান পাতা-০২

| | | |
|---|---|---|
| ১৫. | বিশেষ নির্দেশনাবলী | (১) দরপত্র সীলমোহরযুক্ত খামে দাখিল করতে হবে এবং খামের উপর "দফাদার ও মহল্লাদারদের পোষাক ও অন্যান্য সরবরাহের দরপত্র" উল্লেখ থাকতে হবে।<br>(২) দরপত্রের সাথে উদ্বৃত মূল্যের ৩% জামানত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার হিসাবে জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ এর অনুকূলে দাখিল করতে হবে। অকৃতকার্য দরদাতাদের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরত দেয়া হবে।<br>(৩) দরপত্র দাতার (ক) সদ্য তোলা ০২(দুই) কপি রংগিন ছবি (খ) জাতীয় পরিচয় পত্র (গ) হালনাগাদ ব্যবসায়িক ট্রেড লাইসেন্স (ঘ) টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন সনদ (ঙ) আয়কর পরিশোধের হালনাগাদ সনদ ও বিগত ০৩(তিন) বছরের আয়কর পরিশোধের সনদ দরপত্রের সাথে দাখিল করতে হবে (চ) যে কোন সরকারি দপ্তরের তালিকাভুক্তি নিবন্ধন সনদ হালনাগাদ দাখিল করতে হবে।<br>(৪) দরপত্র দাখিলের পূর্ব তারিখ পর্যন্ত নুন্যতম ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা জমা আছে মর্মে ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট দাখিল করতে হবে।<br>(৫) বিগত ০৩(তিন) বছরে দফাদার ও মহল্লাদারদের পোষাক ও অন্যান্য সরঞ্জামাদি সরবরাহ করেছেন মর্মে সংশ্লিষ্ট দপ্তর হতে প্রদত্ত অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।<br>(৬) কৃতকার্য দরদাতাকে কার্যাদেশ গ্রহণের পূর্বে কার্য সম্পাদন জামানত হিসাবে সরবরাহ যোগ্য মালামালের মোট মূল্যের ১০% অর্থ (দরপত্রের সাথে জমাকৃত ৩% সহ) যে কোন তফসিলি ব্যাংক কর্তৃক ইস্যুকৃত পে-অর্ডার জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ এর অনুকূলে জমা প্রদান করতে হবে। কর্তৃপক্ষ কর্তৃক মালামাল সরবরাহ নেয়ার পর উক্ত জামানত বাবদ ১০% অর্থের পে-অর্ডার চূড়ান্ত বিল পরিশোধের ০৩(তিনি) মাস পর কোন অভিযোগ না পাওয়া গেলে ফেরত প্রদান করা হবে। উক্ত সময়ের মধ্যে কোন অভিযোগ পাওয়া গেলে সরবরাহকারী নিজ খরচে তা সরবরাহ করতে বাধ্য থাকবে।<br>(৭) সর্বনিম্ন দরদাতাকেই কার্যাদেশ দিতে কর্তৃপক্ষ বাধ্য নয় এবং কার্যাদেশ দেয়ার ক্ষেত্রে অফিসে রক্ষিত নমুনা এবং PPR এর বিধান অনুযায়ী মালামালের গুণগত মান বিচার বিবেচনায় আনা হবে। কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।<br>(৮) মন্ত্রণালয় থেকে প্রাপ্ত শার্ট ও ফুল প্যান্টের কাপড়ের নমুনা এবং অন্যান্য মালামাল/সরঞ্জামাদির নমুনা স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ থেকে অবলোকনপূর্বক দরপত্র দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।<br>(৯) দরপত্রে উল্লিখিত আইটেমের মূল্য অংকে এবং কথায় স্পষ্টাক্ষরে লিখতে হবে।<br>(১০) কোন ক্রমেই ত্রুটিপূর্ণ দরপত্র বিবেচনা করা হবে না। দরপত্র সিডিউলের প্রতিটি পাতায় দরপত্র দাতার স্বাক্ষর থাকতে হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি, ঘষামাজা, ওভাররাইটিং, ফ্লুইড ব্যবহার বা অস্পষ্টতা থাকলে তা বাতিলি বলে গণ্য হবে।<br>(১১) কার্যাদেশ প্রদানের সময় কর্তৃপক্ষ প্রয়োজনে পোষাক ও অন্যান্য সরঞ্জামাদি সরবরাহের পরিমাণ কমাতে ও বাড়াতে অথবা কোন পরিবর্তন করতে পারবেন।<br>(১২) কৃতকার্য দরদাতা/দরদাতাগণ কার্যাদেশ গ্রহণের পূর্বে দরপত্রের শর্তানুসারে পোষাক ও অন্যান্য সরঞ্জামাদি সরবরাহ করবেন মর্মে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা সম্পাদন করবেন।<br>(১৩) কার্যাদেশ জারীর ৬০(ষাট) দিনের মধ্যে পোষাক ও অন্যান্য সরঞ্জামাদি সরবরাহ করতে হবে। অন্যথায় জামানত কর্তৃপক্ষের অনুকূলে বাজেয়াপ্তসহ কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে। আংশিক মালামাল গ্রহণ বা আংশিক বিল প্রদান করা হবে না। সরবরাহকৃত পোষাক ও সরঞ্জামাদি ছোট বড় হলে প্রয়োজন অনুসারে উহা অবহিত হওয়ার ১০ দিনের মধ্যে পরিবর্তন করে সঠিক মাপ মোতাবেক পুণরায় তৈরী করে দিতে হবে।<br>(১৪) প্রত্যেক দফাদার ও মহল্লাদারদের শরীরের সঠিক মাপ অনুযায়ী পোষাক ও অন্যান্য সরঞ্জামাদি (নিজ খরচে প্রত্যেক উপজেলায় গিয়ে পোষাকের মাপ গ্রহণ ও সরবরাহ করতে হবে) এবং এ মর্মে উপজেলা নির্বাহী অফিসারগণের নিকট হতে প্রত্যয়নপত্র গ্রহণ করে অত্রাফিসে দাখিল করতে হবে।<br>(১৫) কৃতকার্য দরদাতা/দাতাগণকে নির্দিষ্ট দিনে উপজেলা সদরে গিয়ে নিজ খরচে গ্রামপুলিশদের মাপ সংগ্রহ করতে হবে এ জন্য উপজেলা নির্বাহী অফিসারগণ একটি নির্দিষ্ট দিনে সকল গ্রামপুলিশকে উপজেলা সদরে উপস্থিত হওয়ার জন্য নির্দেশনা প্রদান করবেন।<br>(১৬) গৃহীত দরপত্রদাতা/ঠিকাদার কর্তৃক সরবরাহকৃত পোষাক/সরঞ্জামাদি উন্নত মানের বলে কমিটি কর্তৃক বিবেচিত ও গৃহীত হওয়ার পর বিভাজন মোতাবেক সকল প্রকার পোষাক/সরঞ্জামাদি নিজ ব্যয়ে ঠিকাদারকে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে সরবরাহ করে প্রাপ্তি স্বীকার পত্র এ অফিসে জমা দিতে হবে এবং বিল দাখিলের পর পরীক্ষান্তে সমুদয় টাকা পরিশোধ করা হবে। প্যান্ট ও শার্টে প্রতিটি সেলাইয়ের জায়গায় লুপ আটকাতে হবে। পলিয়েষ্টারে বোতামসহ অটোমেটিক মেশিনে সেলাই করতে হবে। তাছাড়া প্রয়োজনীয় জায়গায় বক্রস এবং প্যান্টের চেইন কাপড়ের রংয়ের সাথে মিলিয়ে লাগাতে হবে।<br>(১৭) একজন দরদাতাকে সবগুলো আইটেমের কার্যাদেশ প্রদানে কর্তৃপক্ষ বাধ্য নয়। প্রয়োজনে একাধিক দরদাতাকে আংশিক কাজের জন্য কার্যাদেশ প্রদান করতে পারবেন।<br>(১৮) আয়কর ও ভ্যাটসহ সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য পাওনাদি বিধি মোতাবেক ঠিকাদারের চূড়ান্ত বিল হতে কর্তন করে রাখা হবে।<br>(১৯) দাখিলকৃত যে কোন দরপত্র গ্রহণ/বাতিলের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।<br>(২০) দরপত্রের সকল কার্যক্রম পিপিএ ২০০৬ ও পিপিআর ২০০৮ মোতাবেক পরিচালিত হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। |

২৪/১১/২১

মোস্তাইন বিল্লাহ
জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ
ও
সভাপতি
গ্রামপুলিশদের পোষাক ও সরঞ্জামাদি সম্পর্কিত জেলা দরপত্র কমিটি
নারায়ণগঞ্জ।

চলমান পাতা-০৩

স্মারক নং-০৫.৪১.৬৭০০.৭০১.০৫.০২৮.২১. ৮৯২(৯০)

তারিখ : ০৮ অগ্রহায়ণ ১৪২৮
২৩ নভেম্বর ২০২১

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।

০৩. পরিচালক (যুগ্মসচিব), স্থানীয় সরকার, ঢাকা বিভাগ, ঢাকা।

০৪. জেলা প্রশাসক ----------------------------(সকল) (বহুল প্রচারের অনুরোধসহ)।

০৫. পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।

০৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নারায়ণগঞ্জ।

০৭. উপজেলা নির্বাহী অফিসার, .................. (সকল), নারায়ণগঞ্জ।

০৮. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, নারায়ণগঞ্জ।

০৯. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/জনস্বাস্থ্য/গণপূর্ত/সড়ক ও জনপথ বিভাগ, নারায়ণগঞ্জ।

১০. জেলা তথ্য অফিসার, নারায়ণগঞ্জ।

১১. সিনিয়র সহকারী সচিব (বিজ্ঞাপন শাখা), তথ্য মন্ত্রণালয়, কক্ষ নং-৮০৭, ভবন নং-৪ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১২. মেয়র ......... পৌরসভা (সকল), নারায়ণগঞ্জ।

১৩. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ (ওয়েব সাইডে প্রকাশের অনুরোধসহ)।

১৪. সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ..................। আগামী .................. তারিখের মধ্যে পত্রিকার ভিতরের পাতায় স্বল্প পরিসরে (৮"X ৩" কলাম) (মনোটাইপ ও সিঙ্গেল স্পেসে) এক দিনের জন্য উপর্যুক্ত দরপত্র বিজ্ঞপ্তিটি প্রকাশের অনুরোধ করা হলো। প্রকাশিত পত্রিকার ০৩(তিন) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

২৩/১১/২১

জেলা প্রশাসক
নারায়ণগঞ্জ।